গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জুলাই, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২৬ জুলাই ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ টায় |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)কে অনুরোধ করা হয়। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) কর্তৃক বিষয়সমূহ সভায় নিম্নরূপে উপস্থাপন করা হয়।

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ | **গত সভার (জুন, ২০২২) কার্যবিবরণী দৃঢ়ীকরণ : জুন**, ২০২২-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | জুন, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | **(ক) কোভিড-১৯ পরিস্থিতি :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৭৭ (তারিখ-২৫.০৭.২০২২) (এসএসডি-৪২+ এফএসসিডি-৪৮৯+প্রিজন-৭৫৯+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৬) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬৫৫ (৯৮.৭৪%) (এসএসডি-৪২+ এফএসসিডি-৪৭৮+প্রিজন-৭৫০+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। অপরদিকে ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ ডিএনসি-২) জন মৃত্যুবরণ করেছেন। সভায় মাঙ্কি পক্স ও করোনা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। যেসকল কর্মকর্তা/কর্মচারী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন সভাপতি তাদের আত্মার শান্তি কামনা করেন। এবিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মচারীকে টিকা প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া সকল কর্মচারীকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত বিধি-বিধান অনুসরণ করে দৈনন্দিন কার্য সম্পাদনের উপর তিনি বিশেষভাবে গুরুত্বারোপ করেন। | ১) সুরক্ষা সেবা বিভাগও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯,ওমিক্রন ও মাঙ্কি পক্স এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলে তা নিশ্চিত করতে হবে;<br><br>২) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের যেসকল কর্মকর্তা/কর্মচারী টিকা নেননি তাদেরকে টিকা (প্রযোজ্য ক্ষেত্রে বুস্টার ডোজ) গ্রহণে উৎসাহিতকরণ অব্যাহত রাখতে হবে। | **সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা।** |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **(ক)মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৪: সিদ্ধান্ত:৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল**-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে। চুক্তিটি জুলাই, ২০২২-এ স্বাক্ষরিত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। | ১)বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটির স্বাক্ষরের পরবর্তী কার্যক্রম সম্পাদনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **(খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪: সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে-**<br>অনুমোদিত খসড়া চুক্তিটি ২৫ মে ২০২২ তারিখে দু'দেশের মধ্যে স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত চুক্তি অনুসমর্থনের (Ratification) নিমিত্ত মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসসহ 'সার-সংক্ষেপ' মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থার সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **(গ) ২8 অক্টোবর ২০১৯/12 কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত:১৪।**<br>**বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১) বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **(ঘ) ৩১ মে ২০২১/ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত: ১৪।বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**<br>**(**'Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports'**) শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১) বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | | | |

| | | |
|---|---|---|
| স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪১.০১.০০৪.১৭.৫৬, তারিখ ১১ মে ২০২২<br><br>**বিষয় : বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত।**<br><br>খসড়া চুক্তিটি মাননীয় প্রধানমন্ত্রী ১০ মে ২০২২ তারিখে সানুগ্রহ অনুমোদন করেন। | বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪১.০১.০০১.১৭.৪১, তারিখ ২৩.০৩.২০২২** (৫)<br>বিষয় :<br><br>বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুমোদন-বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যকার অর্থনৈতিক ও বাণিজ্যিক সহযোগিতা সম্প্রসারণ ও সম্পর্ককে অধিকতর ফলপ্রসূ করার নিমিত্ত ভ্রমণ প্রক্রিয়া সহজতর করার অংশ হিসেবে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি ২৪ মার্চ ২০২২ তারিখে স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তিটি ১৪ জুলাই ২০২২ তারিখ থেকে কার্যকর হয়েছে। চুক্তিটি কার্যকর ও বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশের Diplomatic and Official পাসপোর্টের নিম্নোক্ত ছকে উল্লিখিত MRP ও e-Passport এর নমুনা (Blank Sample) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থার সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(ঙ) মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১**<br>**বিষয় :বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে** 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-**শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত:২০।সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে** 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-**শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।-খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। মালদ্বীপ সরকার অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব প্রেরণ করে। উক্ত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের মতামত/অবস্থানের জন্য বিষয়টি অপেক্ষমান রয়েছে।** | ১)বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(চ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ :০১ ফেব্রুয়ারি ২০১৬**<br>**সিদ্ধান্ত:৮।মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**-বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |

<table>
<tr>
<td></td>
<td><u>(ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ ।</u><br>বিষয়: জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩: এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।-<br>বর্তমানে Bangladesh Prison's and Correctional Services Act-২০২১-এর প্রণয়ন কাজ চলমান। এ বিভাগ হতে ০১ জুন ২০২২ তারিখে ‘বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২’এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।</td>
<td>১)Bangladesh Prison’s and Correctional Services Act, ২০২১-এর খসড়া প্রণয়নের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি।</td>
</tr>
<tr>
<td></td>
<td><u>(জ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯</u><br>সিদ্ধান্ত: ৯.৩।ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।</td>
<td>১) ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে ।</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।</td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td>জনবল :
<table>
<tr><th>দপ্তর/সংস্থা</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>এসএসডি</td><td>২৭৭</td><td>২০৬</td><td>৭১</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩০৫৯</td><td>১৮১৮</td><td>১,২৪১</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১৪,৪৪৩</td><td>১২,১৮৩</td><td>২,২৬০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,৪৪৬</td><td>১,৭৩২</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১,১৮৪</td><td>১১৪৫</td><td>৩৯</td></tr>
<tr><td>মোট =</td><td>৩১,১৪১</td><td>২৫,৭৯৮</td><td>৫,৩৪৩</td></tr>
</table></td>
<td>১) অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;<br>২) যে সকল অধিদপ্তরে পদোন্নতিযোগ্য পদ খালি আছে তা পূরণের যথাযথ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>জেলাপ্রশাসক সম্মেলন, ২০২২ এ বিভিন্ন মেয়াদে বাস্তবায়নের জন্য সর্বমোট ৮টি সিদ্ধান্ত রয়েছে।
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>স্বল্প</th><th>মধ্য</th><th>দীর্ঘ</th><th>মোট</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১</td><td>০</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১</td><td>১</td><td>২</td><td>৪</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>০</td><td>১</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>সর্বমোট সিদ্ধান্ত</td><td>২</td><td>২</td><td>৪</td><td>৮</td></tr>
</table></td>
<td>১) জেলা প্রশাসক সম্মেলন ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিদপ্তর প্রধান।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | **ই-টেন্ডারিং :**<br>**ডিআইপি :** ২০২১-২০২২ অর্থবছরে জুন, ২০২২ পর্যন্ত মোট ১৩টি পণ্য/সেবা ই-জিপিতে ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>**ডিএনসি :** জুন, ২০২২-এ ইজিপিতে কোন টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>**এফএসসিডি :** ২০২১-২০২২ অর্থবছরে পোষাক সামগ্রী ও মনিহারি মালামাল সংগ্রহের জন্য ২২টি e-Gp টেন্ডার এর মধ্যে ২১টি টেন্ডারের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ১১,৫০০টি বডি ব্যাগের দরপত্র মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন, ১,৩৬০টি স্টীল ট্রাংকের দরপত্র মূল্যায়ন চলমান। | ১) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২) পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩) জরুরি পরিস্থিতি ব্যতিত সরাসরি ক্রয় (ডিপিএম) পদ্ধতিতে কোন প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ/ক্রয় করা যাবে না।<br><br>৪) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে। | **সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/উপসচিব (প্রশাসন-২)** |
| ২.৭ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: ০৩ জুলাই ২০২২ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সাথে এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।**<br>২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র ৪৬টি কার্যক্রমের মধ্যে ৪৪টি সূচকের শতভাগ অর্জিত হয়েছে। একটির কার্যক্রম ৯০% অর্জিত হয়েছে এবং অন্য একটির কার্যক্রম অর্জিত হয় নাই। | ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে এবং কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

**২.৮** **অডিট:**

| বিভাগ/সংস্থা | মোট অডিট আপত্তি | জড়িত অর্থের পরিমাণ | মোট নিষ্পত্তি কৃত আপত্তি | অবশিষ্ট আপত্তির সংখ্যা | অবশিষ্ট অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| এসএসডি | ৬টি | ৬৫,১১,৫২৯ | ০০ | ৬টি | ৬৫,১১,৫২৯ |
| ডিআইপি | ৯১টি | ২৮১০,২৩,৩৩,৬৬২ (সা:২৫২,৫০,৪৭,৩৪০ অ:২৫৫৭,৭২,৮৬,৩২১) | ২৩ | ৬৮ | ২৮০৪,৭৭,৩২,৮৪৮ |
| প্রিজন | ৪৮৭টি | ২৯৫,২২,৯৫,৩৪২ | ২৪৬ | ২৪৪ | ১৯১,৫০,৮৫,১৩০ |
| এফএসসিডি | ৪২টি | ১৭৯,৩৬,১৬,৫৭২ (২,৫৩,৮২,৬৮৯ ১৫৫,২৬,৬৭,৭৫৩ ২১,৫৫,৬৬,১৩০ | ২ (১৮-১৯) | ৪০ (১২ ১১ ১৭) | ৭৬,৫৩,৩৪,৯৭২ |
| ডিএনসি | ২০টি | ৭৩৫,৪৫,৬৮,৩৯৯ | - | ২০ | ৭৩৫,৪৫,৬৮,৩৯৯ |

**সিদ্ধান্তসমূহ:**

১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিষ্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু, ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরূপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব আগামী ১(এক) মাসের মধ্যে প্রদান করতে হবে।

৩) সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রুপান্তরিত না হয় সে জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।

**দায়িত্ব:** সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা।

**২.৯** **পেনশন:**

| অধিদপ্তর | পেনশনের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তির সংখ্যা | অবশিষ্ট |
|---|---|---|---|
| এফএসসিডি | ৩ | ০ | ৩ |
| প্রিজন | ১ | ০ | ১ |

১)এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

**দায়িত্ব:** সংশ্লিষ্ট অধিদপ্তর/ অনুবিভাগ প্রধান।

| | | | |
|---|---|---|---|
| ২.১০ | **পরিদর্শন:** বিবেচ্য মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর ৭টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ৪টি, কারা অধিদপ্তর এর ১টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করা হয়েছে। | ১) প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২) গুণগত মান বজায় রেখে বিনির্দেশ মোতাবেক প্রকল্প কার্যক্রম সম্পাদন করা হচ্ছে কিনা তা যাচাই করতে হবে;<br><br>৩) গতানুগতিক পরিদর্শন না করে প্রকৃত সমস্যা/গ্রে-এরিয়া চিহ্নিত করে তার সমাধানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | **অধিদপ্তর/ অনুবিভাগ প্রধান (সকল)।** |
| ২.১১ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি:** সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **অধিদপ্তর/ অনুবিভাগ প্রধান (সকল)।** |
| ২.১২ | **প্রশিক্ষণ (জুন, ২০২২):**<br>লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | ১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

<table>
<tr>
<td>২.১৩</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ :
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>বিবেচ্যমাসে আপলোডকৃত বিষয়/তথ্য</th><th>বিবেচ্যমাসে আপগ্রেডকৃত বিষয়/তথ্য</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>• অফিস আদেশ-৫টি<br>• দরপত্র নোটিশ-২টি<br>• এনওসি: কর্মকর্তা-২টি</td><td>০০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>• এনওসি/জিও-১৪টি, নোটিশ/অফিস আদেশ-৭০টি, ছবি আপলোড-১৪৬টি আপলোড করা হয়েছে। এছাড়া প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি ১৩২টি, সভার কার্যবিবরণী-৬টি আপলোড করা হয়েছে।</td><td>০০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>• নোটিশ-৫টি<br>• এনওসি-৫টি<br>• অফিস অর্ডার-৪টি<br>• বহি: বাংলাদেশ ছুটি-৬টি</td><td>০০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>• নোটিশ বোর্ড-২টি<br>• সার্কুলার-৯টি<br>• পোস্টিং অর্ডার/জিও-১৩টি<br>• এনওসি-১০টি<br>• অফিস আদেশ-১৪টি<br>• বহিঃ বাংলাদেশ ছুটি-৭টি<br>• খবর-১টি<br>• টেন্ডার-৪টি</td><td>১. টপ মেন্যুর গ্যালারিতে স্থির চিত্র।<br>২. হোম স্লাইডার<br>৩. ব্যানার</td></tr>
</table>
</td>
<td>১) জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালনাগাদকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট অব্যাহত রাখতে হবে;<br><br>২)এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে আপলোডকৃত তথ্য/ওয়েববেজড সাভিসসমূহ আপডেটেড আছে কি-না তা নিয়মিত যাচাইকরণ ও চালু রাখার বিষয়টি তদারকি করার জন্যে আওতাধীন দপ্তর/সংস্থা হতে কমপক্ষে পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| **২.১৪** | **ই-ফাইলিং:**<br>● **ফায়ার সার্ভিস ওসিভিল ডিফেন্স অধিদপ্তর :** বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৮৫% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br>● **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :** পত্রজারি এবং নিষ্পত্তি কার্যক্রম যথাযথভাবে ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হয়।<br>● **কারা অধিদপ্তর:** পত্রজারি এবং নিষ্পত্তি কার্যক্রম যথাযথভাবে ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হয়।<br><br>● **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:** ই-নথির মাধ্যমে পত্র জারি এবং নিষ্পন্নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। | ১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২) ই-ফাইলের নথিতে সংশ্লিষ্ট কর্মকর্তা ছাড়া অন্য কোন কর্মকর্তা বা স্টাফকে প্রবেশাধিকার দেওয়া যাবে না।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-নথিতে নিষ্পত্তিকৃত কার্যক্রমের অগ্রগতি শতকরা হারে বিভাগ/দপ্তর/সংস্থা ওয়ারী প্রতি মাসের সমন্বয়সভায় ছকে উপস্থাপন করতে হবে | **অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)।** |

<table>
<tr>
<td>২.১৫</td>
<td>
ইনোভেশন ও উত্তম চর্চা :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>ইনোভেশন কার্যক্রম</th></tr>
<tr><td>এসএসডি</td><td>
<ul>
<li>নতুন উদ্ভাবনী ধারণার নাম:অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স সিস্টেম।</li>
<li>সহজিকৃত সেবার নাম:সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে কোটাভুক্ত বাসা (শুধুA, B, C টাইপ) বরাদ্দের কার্যক্রম সহজিকরণ।</li>
<li>ডিজিটাইজকৃত সেবার নাম: ১.বিনা ভিসায় আগতদের আগমনিভিসা (Visa on Arrival)প্রাপ্তির আবেদন (www.mygov.bd/service/?id=BDGS-1630773192); ২.দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রাপ্তির আবেদন (www.mygov.bd/service/?id=BDGS-1638954584);, ৩.বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ অনুমতির আবেদন (www.mygov.bd/service/?id=BDGS-1639026018);,</li>
</ul>
</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>
<ul>
<li>নতুন উদ্ভাবনী ধারণার নাম: ‘ফায়ার সেফটি ম্যানেজার কোর্স’ এবং ‘ফায়ার সাইন্স ও অকুপেশনাল কোর্স’ এর সনদেQR Codeসংযোজন করেঅনলাইনে প্রদান;</li>
<li>সহজিকৃত সেবার নাম:স্টেশন হতে প্রেরিত মাসিক প্রতিবেদনসমূহ সহজিকরণ;</li>
<li>ডিজিটাইজকৃত সেবার নাম:অনলাইন স্টোর ম্যানেজমেন্ট;</li>
</ul>
</td></tr>
<tr><td>প্রিজন</td><td>
<ul>
<li>নতুন উদ্ভাবনী ধারণার নাম:সাজাপ্রাপ্ত বন্দিদের মুক্তির তারিখ নির্ধারণী অ্যাপস (পিডিআর ক্যালকুলেটর/বন্দিকুলেটর);</li>
<li>সহজিকৃত সেবার নাম:বন্দির স্বজনদের সাথে অডিও কলের সাথে ভিডিও কল-এর মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা;</li>
<li>ডিজিটাইজকৃত সেবার নাম:বন্দির বর্তমান অবস্থা সম্পর্কিত তথ্য অনলাইনে প্রদান(MyGov Platform);</li>
</ul>
</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>
<ul>
<li>নতুন উদ্ভাবনী ধারণার নাম:পাসপোর্ট তথ্য সহায়িকা অ্যাপস (এন্ড্রয়েড);</li>
<li>সহজিকৃত সেবার নাম:তথ্য সেবায় কিয়স্কের ব্যবহার;</li>
<li>ডিজিটাইজকৃত সেবার নাম :পার্সোনালাইজেশন রিপোর্টিং সফটওয়্যার।</li>
</ul>
</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>
<ul>
<li>নতুন উদ্ভাবনী ধারণার নাম:পারফরমেন্স বক্স/ড্রাগ মিউজিয়াম;</li>
<li>সহজিকৃত সেবার নাম:মাদকবিরোধী কার্যক্রমে নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান;</li>
<li>ডিজিটাইজকৃত সেবা নাম:বিলাতি মদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন (MyGov Platform);</li>
</ul>
</td></tr>
</table>
</td>
<td>১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি বছরের ইনোভেশন কার্যক্রম করার সকল আনুষ্ঠানিকতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br><br>২) বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে মনিটর করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.১৬</td>
<td>
ভিডিও কনফারেন্সিং :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>ভিডিও কনফারেন্সর সংখ্যা</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৮টি</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৫টি</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৪টি</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪টি</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৪টি</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২৫টি</td></tr>
</table>
</td>
<td>১) মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.১৭</td>
<td colspan="2">সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :<br>বাস্তবায়ন অগ্রগতি:<br><br>ছক-ক.</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান।</td>
</tr>
</table>

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা-(৪) | মোট মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট মামলার সংখ্যা-(৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ১০ম-২০তম গ্রেড=২ | ০ | ২ | ০ | ২ |
| ২ | ডিআইপি | ২য়-৯ম গ্রেড=১<br>১০ম-২০তম গ্রেড=১৪<br>মোট=১৫টি | ০ | ১৫ | ১০ম-২০তম গ্রেড=২<br>মোট-৬টি | ৯ |
| ৩ | এফএসসিডি | ২য়-৯ম গ্রেড=১<br>১০ম-২০তম গ্রেড=৯৪<br>মোট=৯৫টি | ০ | ৯৫ | ১০ম-২০তম গ্রেড=২<br>মোট-৪টি | ৯১ |
| ৪ | ডিএনসি | ১০ম-২০তম গ্রেড=২৯<br>মোট=২৯টি | ১০ম-২০তম গ্রেড=৮ | ৩৭ | ০ | ৩৭ |
| ৫ | প্রিজন | ২য়-৯ম গ্রেড=৩<br>১০ম-২০তম গ্রেড=৪৫৫<br>মোট-৪৫৮টি | ১০ম-২০তম গ্রেড=২৩ | ৪৮১ | ১০ম-২০তম গ্রেড=৪৫ | ৪৩৬ |
| মোট | | **৫৯৯** | **৩১** | **৬৩০** | **৫৫** | **৫৭৫** |

## <u>বিভাগীয় আপিল মামলা/এএটি/এটি সংক্রান্ত পরিসংখ্যান:</u>

**ছক-খ.**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত আপিল মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত আপিল মামলার সংখ্যা-(৪) | মোট আপিল মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট আপিল মামলার সংখ্যা-(৭) | এএটি/এটি মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | ডিআইপি | ২য়-৯ম গ্রেড=৩<br>১০ম-২০তম গ্রেড=১<br>মোট-৪টি | ০ | ৪ | ০ | ৪ | এটি-৬<br>এএটি-৬ |
| ৩ | এফএসসিডি | ২য়-৯ম গ্রেড=১<br>১০ম-২০তম গ্রেড=২<br>মোট-২টি | ০ | ২ | ০ | ২ | এটি-৬<br>এএটি-১ |
| ৪ | ডিএনসি | ১ | ০ | ১ | ০ | ১ | এটি-৭৬<br>এএটি-৩৬ |
| ৫ | প্রিজন | ৩ | ০ | ৩ | ৩ | ০ | এটি-২০<br>এএটি-২৬ |
| মোট | | **১০** | **০** | **১০** | **৩** | **৬৭** | **এটি-১০২**<br>**এএটি-৬৯** |

**ছক-গ). অন্যান্য মামলার তথ্য (সিভিল):**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | লিভ-টু-আপিল | রিট | সিভিল রিভিশন | দেওয়ানি | ফৌজদারি | মামলার অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ৩ | ০ | ০ | ০ | চলমান |
| ২ | ডিআইপি | ৮ | ৮০ | ১ | ০ | ০ | মোট ৮৯টি মামলা চলমান |
| ৩ | এফএসসিডি | ৪ | ৯১ | ২ | ০ | ০ | মোট ৯৭টি মামলা চলমান |
| ৪ | ডিএনসি | ০ | ৫৮ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | প্রিজন | ২৪ | ৭২ | ৬ | ০ | ০ | |

**সিদ্ধান্তসমূহ:**

১) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক অধিদপ্তরে নিয়োগকৃত আইন কর্মকর্তার সাথে প্রতিমাসে সভা করতে হবে এবং চলমান মামলাসমূহের অগ্রগতি ও কার্যবিবরণীসহ মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে;

২) মন্ত্রণালয়/অধিদপ্তরের বিভাগীয় মামলাসমূহের তদন্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং চলমান বিভাগীয় পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে, বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ যেন তদবিরের অভাবে মামলার মেরিট নষ্ট না হয় সেদিকে নজরদারি বৃদ্ধিসহ নিবিড়ভাবে মনিটরিং অব্যাহত রাখতে হবে;

| | | | |
|---|---|---|---|
| ২.১৮ | **বিবিধ** | ১) এ বিভাগের অনুবিভাগ প্রধানগণকে তাঁর অনুবিভাগ সংশ্লিষ্ট কিকি চ্যালেঞ্জ আছে তা বুলেট ফরমেটে সচিবের নিকট দাখিল করতে হবে;<br><br>২) পররাষ্ট্র মন্ত্রণালয় হতে ভিসা ফি নির্ধারণের সময় অর্থ মন্ত্রণালয় হতে কোন অনুমোদন গ্রহণ করা হয় কিনা সে বিষয়ে অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)কে খোঁজ-খবর নিয়ে সচিবকে অবহিত করতে হবে। | **অনুবিভাগ প্রধান(সকল)।** |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০১৪.০৬.০০২.১৭.২৬৪

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৯

০৬ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির

উপসচিব